

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৪৫. আল্লাহর প্রতি সম্ভুষ্ট হওয়া

আমাদের জানা উচিত যে, আমরা যদি তার প্রতি সম্ভষ্ট থাকি, তবে তিনিও আমাদের প্রতি সম্ভষ্ট থাকবেন। অতএব আপনি যদি অল্প পরিমাণ রিযিকে সম্ভষ্ট থাকেন তবে তিনিও আপনার অল্প আমলে সম্ভষ্ট হয়ে যাবেন। অবস্থা যাই-ই হোক না কেন (তার বাছ-বিচার না করে) আপনি যদি সম্ভষ্ট থাকেন, তবে আপনি দেখতে পাবেন যে আপনি আপনার প্রভুর সম্ভষ্টি অর্জন করেছেন এবং বুঝতে পারবেন যে, আল্লাহ তার সম্ভষ্ট একনিষ্ঠ বান্দাদের উপর সর্বাপেক্ষা অধিক সম্ভষ্ট হন। অপরপক্ষে আছে মুনাফিকরা, আল্লাহ তাদের আমলকে প্রত্যাখ্যান করেন চাই তাদের আমল কম হোক বা বেশি হোক। আল্লাহ যা অবতীর্ণ করেন, তারা তাতে অসম্ভষ্ট এবং তারা তার সম্ভষ্টি চাইতে ঘৃণা বা অপছন্দ করে। এভাবে তাদের আমল বৃথা সম্পাদিত হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7753

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন